

তৈরি হচ্ছে মাইনক্রাফটের থিম পার্ক

- A Monitor Desk Report

Date: 23 November, 2024



লন্ডনঃ মাইনক্রাফট ভিডিও গেমের নির্মাতা মোজাং স্টুডিওস ও ব্রিটিশ বিনোদন কোম্পানি মার্লিন এন্টারটেইনমেন্টস একসঙ্গে নতুন থিম পার্ক তৈরির কথা জানিয়েছে।

মাইনক্রাফট ভিডিও গেমের নির্মাতা মোজাং স্টুডিওস ও ব্রিটিশ বিনোদন কোম্পানি মার্লিন এন্টারটেইনমেন্টস একসঙ্গে নতুন থিম পার্ক তৈরির কথা জানিয়েছে। ‘অ্যাডভেঞ্চারস মেইড রিয়াল’ নামে এ থিম পার্কে মাইনক্রাফটের জগৎ বাস্তব জীবনে উপভোগ করা যাবে।

মার্লিন এন্টারটেইনমেন্টস জানিয়েছে, তারা দুটি অঞ্চলে স্থায়ী মাইনক্রাফট থিম পার্ক তৈরি করবে। একটি যুক্তরাষ্ট্রে ও আরেকটি যুক্তরাজ্যে। এসব পার্ক ২০২৬-২৭ সালের মধ্যে খুলে দেয়ার পরিকল্পনা রয়েছে। পার্কগুলোর মূল আকর্ষণ থাকবে মাইনক্রাফট গেম। সঙ্গে থাকবে গিফট শপ ও রেস্টোরীর মতো অন্যান্য থিম পার্কের অভিজ্ঞতা। এছাড়া ভবিষ্যতে বিশ্বের অন্যান্য জায়গায় মাইনক্রাফট থিম পার্ক চালু করার পরিকল্পনা রয়েছে কোম্পানির।

তথ্যানুযায়ী, পার্কগুলোর মধ্যে কিছু ডিজিটাল সুবিধা থাকবে, তবে এ বিষয় এখনো বিস্তারিত কিছু জানায়নি মার্লিন। এছাড়া পার্কগুলোয় ‘টাচপয়েন্ট’ নামে এমন কিছু বিশেষ জায়গা থাকবে, যেখানে দর্শক এক্সক্লুসিভ ইন-গেম কনটেন্ট আনলক করতে পারবেন। এর মাধ্যমে তারা পার্কে থেকেও মাইনক্রাফট গেমের অভিজ্ঞতা চালিয়ে যেতে পারবেন বলে দাবি কোম্পানির।

-B